



টাইগার বাহিনী

আহমেদ সাবের

দু হাজার এগারোর ক্রিকেট বিশ্বকাপে ওয়েস্ট ইন্ডিজের সাথে বাংলাদেশের শোচনীয় পরাজয়ের পর এ কবিতাটা লেখা হয়। নিজের জন্যই লেখা। তবুও প্রকাশের জন্য দিয়ে দিলাম। কারো ভাল লেগে যেতেও পারে, এই ভরসায়।

ক্রিকেটের ডামাডোলে সারা দেশ তোলপাড়।
ছেলে বুড়ো দল বেঁধে, কাজটাকে দিল ছাড়।
সাকিবুল, রকিবুল, ইমরুল, নাজমুল -
মুখে মুখে জপে নাম, নাই তাতে কোন ভুল।
আশরাফ নামটাও মাঝখানে লাফিয়ে,
সাথে নিয়ে তামিমকে পাড়া দেয় কাঁপিয়ে।
রুবেল ও নাসিফ আসে আড্ডাতে দিন भर;
মুশফিক ও রাজ্জাক আসে, সিডসও হয়না পর।

জিতবার স্বপ্নে টাইগার বাহিনী
ব্যাটে বলে রচে যায় অলেখা কাহিনী।
বলে বলে এক, দুই, চার কিবা ছক্কা
কিংবা তিন কি পাঁচ, নয় কিবা অক্কা।
ঘাম ঝরে রান জমে, জয় কিবা পরাজয়-
দিন শেষে নাম গুলো হয়ে যায় অক্ষয়।

সিডনী, মার্চ ৯, ২০১১